



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.৯৪০০.০১৭.২৭.০০১.১৬- ১১৩


তারিখ- ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

বিষয়ঃ ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলার ০৪নং বড়পলাশবাড়ী ইউনিয়ন পরিষদের ৭, ৮, ও ০৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য-এর স্থায়ী পদে বহাল-এর আবেদন সংক্রান্ত।

সূত্রঃ জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর কার্যালয়ের স্মারক নং-২৬৬, তারিখ-৩০/১১/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলার ০৪নং বড়পলাশবাড়ী ইউনিয়ন পরিষদের ৭, ৮, ও ০৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য জনাব কুলসুমা আক্তার-এর বিরুদ্ধে বালিয়াডাঙ্গা থানায় বিশেষ ক্ষমতা আইন-১৯৭৪ এর ২৫(১) ধারায় মামলা নং-০৪, তারিখ-০৯/০৪/২০২০ এ শাস্তি প্রদান করা হয়েছে। পরবর্তীতে আবেদনকারী ইউপি সদস্য জনাব মোছাঃ কুলসুমা আক্তার-কে মামলা নং-৪২/২০২০ হতে অব্যহতি প্রদান করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত অভিযুক্ত ইউপি সদস্য-কে উল্লিখিত মামলা হতে আদালতের অব্যহতি প্রাপ্তির আদেশ যাচাই নিশ্চিত হয়ে তাঁর বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৫/০১/২০২১
(মোঃ আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।

অনুলিপিঃ(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (ইউপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।